

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিচালকের কার্যালয়  
বিসিএস লাইভস্টক একাডেমি  
সাভার, ঢাকা।

স্মারক নং-৩৩.০১.০০০০.৫০০.১৬.০০১.১৫-৭৬

তারিখঃ ০৪/০৯/২০২২ খ্রিঃ।

বিষয়ঃ ২০২২-২৩ অর্থ বছরের নির্ধারিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে গঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	:	ডাঃ মোহাম্মদ সাইদুর রহমান, সহযোগী অধ্যাপক, বিসিএস লাইভস্টক একাডেমি, সাভার, ঢাকা।
সভার স্থান	:	সহযোগী অধ্যাপক মহোদয়ের অফিস কক্ষ, বিসিএস লাইভস্টক একাডেমি, সাভার, ঢাকা।
তারিখ	:	৩১/০৮/২০২২ খ্রিঃ।
সময়	:	সকাল ১০.০০ ঘটিকা।
উপস্থিতির তালিকা	:	পরিশিষ্ট-ক


### ১.০। আলোচনাঃ

সভাপতি মহোদয় উপস্থিত সকল কর্মকর্তাকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং নৈতিকতার গুরুত্ব সম্পর্কে উপস্থিত সকল সদস্যগণকে অবহিত করেন। অতঃপরঃ অত্র একাডেমির এপিএ বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা ড. মোঃ সফিকুর রহমান ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) সম্পর্কে এবং এপিএ এর লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনে নৈতিকতার বিষয়টি নিশ্চিত করার বিষয়ে নিজ মতামত ব্যক্ত করেন। এছাড়া নৈতিকতা বিষয়ক কমিটির ০২ জন সদস্য নৈতিকতা বিষয়ে তাদের মতামত তুলে ধরেন। পরবর্তীতে সভাপতি মহোদয় প্রতি ০৩ মাস অন্তর অন্তর নৈতিকতা বিষয়ক সভা আহ্বান ও সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সচেষ্ট ও আন্তরিক হওয়ার জন্য সকলকে অনুরোধ করেন। এ পেক্ষিতে নৈতিকতা বিষয়ে আরোও সচেষ্ট হবেন মর্মে উপস্থিত সকল সদস্যগণ সম্মত হন। সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-ক তে উপস্থাপন করা হলো। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

### ২.০। সিদ্ধান্তসমূহঃ

- ২.১। অফিস কক্ষে একাধিক লাইট জ্বালানো যাবে না।
- ২.২। দিনের আলোর সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে।
- ২.৩। রুম থেকে বের হবার পূর্বে এসি বন্ধ নিশ্চিত করতে হবে।
- ২.৪। বিদ্যুতের ব্যবহার নির্ধারিত অফিস সময়ে মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।
- ২.৫। অফিস ত্যাগের পূর্বে বিদ্যুত-এর সুইচ বন্ধ নিশ্চিত করতে হবে।
- ২.৬। ইলেকট্রনিক যন্ত্রপাতির ব্যবহার সীমিত করতে হবে।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে মাসিক সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

  
(ডাঃ মোহাম্মদ সাইদুর রহমান)  
সহযোগী অধ্যাপক  
ও  
সভাপতি  
নৈতিকতা বিষয়ক কমিটি  
বিসিএস লাইভস্টক একাডেমি  
সাভার, ঢাকা।

### কার্খার্থে বিতরণঃ

- ১। জনাব সিতারা লাবনী, সহকারি অধ্যাপক, বিসিএস লাইভস্টক একাডেমি, সাভার, ঢাকা।
- ২। ডা. লিপি রানী বসাক, সহকারী অধ্যাপক, বিসিএস লাইভস্টক একাডেমি, সাভার, ঢাকা।
- ৩। অফিস কপি।

### সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা-ইহা মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ২। পরিচালক, বিসিএস লাইভস্টক একাডেমি, সাভার, ঢাকা।
- ৩। ড. হোসেন মোঃ সেলিম, পরিসংখ্যান কর্মকর্তা ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা, পরিকল্পনা শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।

